BNGH : Ist Sem
Teacher : Dr. Biswajit Podder

## বরেন্দ্রী

**ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য:**

1) অনুনাসিক স্বরধ্বনি রাঢ়ীর মতো বরেন্দ্রীতেও রক্ষিত আছে।

2) সঘোষ মহাপ্রান ধ্বনি কেবল শব্দের আদিতে বজায় আছে অন্যত্র অল্পপ্রান হয়ে গেছে। যেমন- বাঘ > বাগ্

3) সাধারনত শব্দের আদিতে শ্বাসাঘাত পড়ে রাঢ়ীতে। কিন্তু বরেন্দ্রীতে শ্বাসাঘাতের স্থান সুনির্দিষ্ট নয়।

4) শব্দের আদিতে 'র' আগম এবং 'র' থাকলে লোপ।
যেমন আম > রাম
রস > অস।

**রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য:**

1) কখনো অধিকরনে 'ত' বিভক্তি হয়।
যেমন- ঘরত (ঘরে)

2) সামান্য অতীতকালে উত্তম পুরুষে 'ম' বিভক্তি যোগ হয়। যেমন- খেলাম।

## কামরূপী/রাজবংশী (বঙ্গালীর সঙ্গে সাদৃশ্য)

**ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য:**

ক) সঘোষ মহাপ্রান শব্দের আদিতে বজায় আছে, অন্যত্র অল্পপ্রান হয়ে গেছে। যেমন-
সমঝা- সমঝি > সমজা- সমজি

খ) ড় > র, ঢ় > রহ (তবে কুচবিহারে 'ড়' অপরিবর্তিত)
যেমন- বারি < বাড়ি

গ) কামরূপীতে শ্বাসাঘাত পড়ে শব্দের মধ্যে ও অন্ত্যে।

ঘ) ও > উ
যেমন- কোন্ > কুন্ (তবে কোচবিহারে 'কোন' উচ্চারণ অপরিবর্তিত)

রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য:

1) সামান্য অতীতে উত্তম পুরুষে 'নু' প্রথম পুরুষে বিভক্তি দেখা যায়। — সেবা কনু
সে কহিল।

2) উত্তম পুরুষের একবচনের সর্বনাম - মুই

3) অধিকরণে 'ত' বিভক্তি—যেমন: পাছুত

4) সম্বন্ধ পদের বিভক্তি- র, ক
যেমন: বাপোক,
ছাগলের

5) গৌনকর্মের বিভক্তি -'ক'
যেমন- হামাক্ (আমাকে)